দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 FEB 1997 ..
পৃষ্ঠা ৩ কলাম ৪ ..

25

## পরীক্ষার ফল পুনঃ মূল্যায়ন দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ভূগোল বিভাগের এম এস সি শ্রেণীর ছাত্র-ছাত্রীরা সদ্য প্রকাশিত ভূগোল প্রথম পর্বের পরীক্ষার ফলাফল পুনঃ মূল্যায়নের দাবী জানাইয়াছে। এই

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(৩য় পৃঃ পর)

দাবীতে তাহারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট স্মারকলিপি পেশ করিয়াছে। স্মারকলিপিতে বলা হয়, আমরা ২১৩ জন ছাত্র-ছাত্রী জগন্নাথ কলেজের ভূগোল বিভাগ হইতে ১৯৯৪ সনের এম এস সি প্রথম পর্বের পরীক্ষার অংশগ্রহণ করি। গত ১৯শে জানুয়ারী এই পরীক্ষার প্রকাশিত ফলাফলে অনেক মেধাবী ছাত্র-ছাত্রী অকৃতকার্য হইয়াছে। এই ফল বিপর্যয়ের কারণ হইতেছে: পরীক্ষার খাতা দুইজনের পরিবর্তে মাত্র একজন পরীক্ষকের দ্বারা মূল্যায়ন করা হইয়াছে। তত্ত্বীয় বিষয়ে পাসের ন্যূনতম নম্বর শতকরা ২৫ ভাগের পরিবর্তে ৩৬ ভাগ ধরা হইয়াছে। যাহা অযৌক্তিক। এই পরিপ্রেক্ষিতে খাতাগুলি পুনঃ মূল্যায়ন করিয়া অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের প্রতি সুবিচার করা হউক।